# 2020

# BENGALI

## (Modern Indian Language)

**Full Marks : 100**

**Pass Marks : 33**

**Time : Three hours**

*All questions are compulsory.*

*Marks are indicated against each questions.*

## UNIT – I (Prose and Drama)

'ক' গুচ্ছ : গদ্যাংশ ও নাটক

(১ ও ২ নম্বর প্রশ্নের ক, খ, গ—এই তিনটি করে উত্তর দেওয়া আছে। শুদ্ধ উত্তরটি লেখ।)

১। মাকালের পিতৃদত্ত নাম ছিল- ১

ক) গোবিন্দ।

খ) গোপাল।

গ) গণেশ।

২। 'নিমেষের মধ্যে একটা প্রকাণ্ড সাপ মাটি থেকে হাত তিনেক উঁচু হয়ে ঠেলে উঠল।'—সাপটি কোন প্রজাতির? ১

(ক) কিং কোবরা।

(খ) স্যাণ্ড ভাইপার।

(গ) পাইথন।

৩। ২০০৪ খ্রিস্টাব্দের কত তারিখ চেন্নাইয়ে ভয়ঙ্কর সুনামি হয়েছিল? ১

৪। বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের দিনলিপিটির নাম কী? গ্রন্থাকারে প্রকাশিত দিনলিপিটি তিনি কাকে উৎসর্গ করেছেন? ২

৫। ফিনল্যান্ডের আরো একটা অন্যরকম নাম কী? এই নামের কারণ কী? ২

৬। 'ঐ দিন আপনাকে 'নটনক্ষত্র' উপাধি দেবে।'—কোন সংস্থা কাকে 'নটনক্ষত্র' উপাধি দেবে বলে স্থির করেছিল? ২

৭। সমস্ত ধরণের দুর্যোগ মোকাবিলার জন্য রাষ্ট্রপুঞ্জ কত সালে কোন দশকটিকে 'দুর্যোগ প্রশমন দশক' রূপে অভিহিত করেছিল? ২

৮। 'আহার বন্ধ হইল শুনিয়া দাসী মোক্ষদা কাতরকণ্ঠে ছলছল নেত্রে বালককে ক্ষমা করিতে অনুনয় করিল।'—কাহার আহার বন্ধ হয়েছিল? আহার বন্ধের কারণ কী? ৩

৯। 'আমরা সবাই সাজঘরের সঙ। কিন্তু তুই যে সেই সঙের দলে আসল সোনা।'—উক্তিটি কার? 'আসল সোনা' কথাটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

১০। দুর্যোগ ব্যবস্থাপনা বলতে কী বোঝায়? এই ব্যবস্থাপনা কার্য কী কী স্তরে বিভক্ত? ৪

১১। 'সাজঘর' নাটকের সর্বদমন চরিত্রটি বিশ্লেষণ কর। ৮

অথবা

'প্রসঙ্গক্রমে, পিতৃদেব মাইলস্টোনের উপাখ্যান বলিলেন।'—'আত্মপরিচয়' গদ্যাংশে উল্লিখিত মাইলস্টোনের উপাখ্যানটি বর্ণনা কর। ৮

## UNIT – II (Poetry)

'গ' গুচ্ছ : পদ্যাংশ

(১৪ ও ১৫ নম্বর প্রশ্নের ক, খ, গ—এই তিনটি করে উত্তর দেওয়া আছে। শুদ্ধ উত্তরটি লিখ।)

১২। 'ক্ষণপ্রভা প্রভাদানে বাড়ায় মাত্র আঁধার।'—'ক্ষণপ্রভা' শব্দের অর্থ কী? ১

১৩। 'বাল্যলীলা' পদটি কোন রসের পদ? ১

১৪। 'আঠারো বছর বয়স' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত? ১

ক) পূর্বাভাস।

খ) ঘুম নেই।

গ) ছাড়পত্র।

১৫। 'ত্রিদিবে দেবতা নাও যদি থাকে' 'ত্রিদিব' শব্দের অর্থ— ১

ক) স্বর্গ।

খ) মর্ত্য।

গ) পাতাল।

১৬। 'দধীচির হাড় ইন্দ্রের হাতে'—দধীচির হাড় দিয়ে কেন কী করা হয়েছিল? ২

১৭। 'আঠারো বছর বয়স ভয়ঙ্কর'—এই 'ভয়ঙ্কর' বয়সে প্রাণে কী হয়? ২

১৮। 'আমার শপতি লাগে না ধাইও ধেনুর আগে
পরাণের পরাণ নীলমণি।'

—কথাগুলো কে বলেছেন? নীলমণি কে? ২

১৯। 'দানব সংহার মানবেরি কাজ'—তাৎপর্য বিশ্লেষণ কর। ৩

২০। 'তুমি তার মাঝে যাইও   সঙ্গ ছাড়া না হইও
মাঠে বড় রিপু-ভয় আছে।'

—ব্যাখ্যা কর। ৪

২১। 'আত্মবিলাপ' কবিতায় বর্ণিত মাইকেল মধুসূদন দত্তের জীবনের ব্যর্থতার কথা আলোচনা কর। ৮

## UNIT – III (Reading)

'গ' গুচ্ছ : পঠন

২২। নিম্নোক্ত রচনাংশটির সারসংক্ষেপ কর : ৩

মানুষ গল্প শুনতে ভালোবাসে। আধুনিক পৃথিবী গল্প-উপন্যাসে ছেয়ে গেছে। কিন্তু ইতিহাস এসব মনোরঞ্জকদের দলে নয়। তার লক্ষ্য উঁচু। অতীতের কাহিনি সে বলে বটে—কিন্তু তা কল্পনামুক্ত অতীতের খাঁটি সত্য। কিন্তু সত্য কথা বলাই ইতিহাসের একমাত্র কাজ নয়। ইতিহাসের মূল লক্ষ্য হচ্ছে, অতীতের আলোতে বর্তমানের পথ দেখানো। সমাজ ও গোষ্ঠীর চলাচলের পথ ও বিপথ দেখিয়ে মানুষকে সাবধান করা। তত্ত্বদর্শী জ্ঞানীরা যে সব উপদেশ দিয়েছেন, তাঁদের উপদেশের বাস্তব রূপ দেখা যায় ইতিহাসে। সমাজ ও সভ্যতার অভ্যুদয় ও পতনের বন্ধুর পথে মানুষের যাত্রা ও যাত্রাশেষের দিগ্‌দর্শন হচ্ছে ইতিহাস।

২৩। নিম্নলিখিত রচনাংশটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর লিখ ঃ

বিদ্যাসাগর প্রাতঃস্মরণীয় মহাপুরুষ—ঊনবিংশ শতাব্দীর বাংলাদেশের এক উজ্জ্বল জ্যোতিষ্ক। বিদ্যাসাগরের সমস্ত জীবন হচ্ছে কর্মসাধনার ইতিহাস। তিনি নিরলস ভাবে সারাজীবন কর্মসাধনায় ব্যাপৃত ছিলেন। কর্মজীবনের অবসরে রচনা করেন সাহিত্য, শিক্ষা ও সমাজ সংস্কারমূলক গ্রন্থাদি। শিক্ষাসংস্কার ও শিক্ষাবিস্তারের জন্য তিনি বর্ণপরিচয়, কথামালা ও বোধোদয় প্রভৃতি উচ্চাঙ্গের গ্রন্থ রচনা করেন। বেতালপঞ্চবিংশতি, সীতার বনবাস, শকুন্তলা ও ভ্রান্তিবিলাস প্রভৃতি তাঁর অনুবাদ সাহিত্য। এইসব রচনাগুলি অনুবাদ হলেও সেগুলির মধ্যে মৌলিক সৃজনীশক্তির পরিচয়

মিলে। বাংলা গদ্যকে তিনি শ্রীমণ্ডিত ও লালিত্য দান করেন। রবীন্দ্রনাথ তাঁকে বাংলা গদ্যের জনক ও যথার্থ শিল্পী বলেছেন। কারণ বাক্যমধ্যে দাঁড়ি, কমা, সেমিকোলন প্রভৃতি প্রয়োগ করে বাংলা গদ্যকে তিনি শিল্পসুষমা মণ্ডিত করে তুলেছেন।

বিদ্যাসাগর বিশেষ ভাবে স্মরণীয় হয়ে আছেন সমাজ সংস্কার ও শিক্ষা বিস্তারের কর্মপ্রচেষ্টার জন্য। কুলীনদের বহুবিবাহ রোধ ও বিধবা বিবাহ প্রচলন—এ দুটি সমাজসংস্কারমূলক কাজ বিদ্যাসাগরের অক্ষয় কীর্তি। এই সংস্কারমূলক কাজে অনেকেরই সমর্থন ছিল না। কিন্তু প্রবল বিরোধিতাকে উপেক্ষা করে তিনি জয়ী হন।

শিক্ষা বিস্তার ছাড়া দেশের ও জাতির কল্যাণ সম্ভব নয়। এই বাস্তব সত্যের পরিপ্রেক্ষিতে বিদ্যাসাগর সর্বসাধরণের-বিশেষত নারী সমাজের উন্নতির লক্ষ্যে গ্রামাঞ্চলে শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনে উদ্যোগী হয়েছিলেন। আন্তরিক প্রচেষ্টায় তিনি কুড়িটি আদর্শ স্কুল ও মেয়েদের জন্য পঁয়ত্রিশটি বিদ্যালয় স্থাপন করেছিলেন। শিক্ষায় মাতৃভাষাকে গুরুত্ব দেবার পাশাপাশি তিনি ইংরেজি ও সংস্কৃত শিক্ষাকেও কল্যাণকর বলে মনে করেছিলেন। বিদ্যাসাগর এই নিগূঢ় সত্যটি উপলব্ধি করেছিলেন যে, নতুন রীতিতে দেশে শিক্ষা ব্যবস্থা গৃহীত হলে নরনারী কুসংস্কার থেকে মুক্ত হবে। এখন সাক্ষরতা অভিযান নিয়ে যে কর্মকাণ্ড চলছে বিদ্যাসাগরকে এর পথিকৃৎ বলা যেতে পারে।

(ক) বিদ্যাসাগরের গদ্যরীতির বৈশিষ্ট্য সম্পর্কে রবীন্দ্রনাথ ঠাকুর কী বলেছেন? ২

(খ) শিক্ষাসংস্কার সম্পর্কে বিদ্যাসাগর কী নিগূঢ় সত্যটি উপলব্ধি করেছিলেন? ১

(গ) বিদ্যাসাগরের সমগ্র জীবন কিসের ইতিহাস? ১

(ঘ) শিক্ষাসংস্কার ও শিক্ষাবিস্তারের জন্য বিদ্যাসাগর কী কী গ্রন্থ রচনা করেছিলেন? ২

(ঙ) সমাজসংস্কারমূলক কোন দুটি কাজ বিদ্যাসাগরের অক্ষয় কীর্তি? ১

## UNIT – IV (Writing)

'ঘ' গুচ্ছ : লিখন

২৪। বিজয়নগরের পল্লীশ্রী ক্লাব মাধ্যমিক উত্তীর্ণ ছাত্রছাত্রীদের জন্য বিনামূল্যে তিন সপ্তাহের কম্পিউটার প্রশিক্ষণের ব্যবস্থা করেছে। এতে অংশগ্রহণের আহ্বান জানিয়ে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি বিজ্ঞাপন রচনা কর। ৩

২৫। পরিবেশের ভারসাম্য বজায় রাখার প্রয়োজনে প্লাস্টিক বর্জন করতে হবে। এ মর্মে প্লাস্টিক ব্যবহার না করার অনুরোধ জানিয়ে তোমার প্রতিবেশীদের উদ্দেশ্যে একটি বিজ্ঞপ্তি রচনা কর। ৩

২৬। রাজপুর গ্রামের বিদ্যানিকেতন স্কুলে ৫ জুন পরিবেশ দিবস উদ্‌যাপিত হয়েছে। এই অনুষ্ঠানের একটি সংক্ষিপ্ত বিবরণ লেখ। ৩

২৭। কোন একটি বই পড়ে তোমার ভালো লেগেছে। বইটির প্রশংসা করে তোমার বন্ধুর নিকট একটি চিঠি লেখ। (চিঠিতে নিজের নাম লিখবে—ক। বন্ধুর ঠিকানা লেখার প্রয়োজন নেই।) ৬

২৮। নিম্নোক্ত যে কোনো একটি বিষয় অবলম্বনে ২৫০ শব্দের মধ্যে একটি প্রবন্ধ রচনা কর। ১০

(ক) মানব সভ্যতায় বিজ্ঞানের দান।

(খ) তোমার জীবনের লক্ষ্য।

(গ) দেশভ্রমণের উপযোগিতা।

## UNIT – V (Functional Grammar)

'ঙ' গুচ্ছ : ব্যবহারিক ব্যাকরণ

২৯। ব্যঞ্জনসন্ধির সূত্র অনুযায়ী স্বরবর্ণ পরে থাকলে পদের অন্তস্থিত বর্গের প্রথম বর্ণের (ক, চ, ট, ত, প) স্থলে সেই বর্গের কোন বর্ণ হয়? উদাহরণ সহ লেখ। ২

৩০। স্বরসন্ধি কাকে বলে? উদাহরণ সহ লেখ। ২

৩১। পদ পরিবর্তন কর। ১+১=২

আক্রমণ (বিশেষ্য থেকে বিশেষণ)।

চঞ্চল (বিশেষণ থেকে বিশেষ্য)।

৩২। বিপরীতার্থক শব্দ লেখ। ১+১=২

উষ্ণ, কঠিন।

৩৩। নিম্নোক্ত বাগধারা দুটি বাক্যে প্রয়োগ কর। ১+১=২

আষাঢ়ে গল্প।

ছিনিমিনি খেলা।

---